

হৃদয় ভেসে যায়

ঘোরানো সিঁড়ি বেয়ে মোমের আলোখানি
দেয়ালে শোভা পায় কচ ও দেবযানী
বিশাল অর্গান ক্লাস্টিময়তায়
ঘরের চন্দন বাতাসে মিশে যায়
অসীম নির্জনে দালানে ডালিয়ায়
চন্দ্রালোকময় হৃদয় ভেসে যায়।

মগ থেকে মগে

ড্রাম গড়ায়

আগুনমনস্ক ট্রাক হন্যে হয়ে দৌড়য় পেট্রল পারফিউমের পেছনে
ডেফ অ্যান্ড ডাম্ব ঠান্ডা কালো রাত আলখাল্লা তুলে ছুঁড়ে দেয়
পমেরিয়নের মতন সাদা কুয়াশা
পৌরসভায় চোখমাঝে লাল আলোয় যেন থমকায় একদল শরণার্থী
তাদের টেবিল খাট বিছানা খেয়ে নিয়েছে মাফিয়া অন্ধকার
কানের লোমজাতীয় আগাছায় আটকে আছে সদ্য ভাঙা কারবোরেটর
আর ওড়না ধরা হাতের গরম রক্ত মগ থেকে মগে
লসিয়র মতন ঢালছে নিশাচর একশো নম্বর ভূত
ব্লাডব্যাঙ্ককে ধন্য করবে বলে

গৌতম দাশগুপ্ত